

সব সমস্যার একটাই সমাধান

ইস্তেগফার'

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ সব সমস্যার একটাই সমাধান

'ইস্তেগফার'

একটা ঘটনা দিয়ে শুরু করি। ইমাম গাজ্জালী(রহঃ) এর কাছে একজন লোক বসা ছিলেন। অন্য কয়েকজন লোক আসলো এবং ইমামকে জিজ্ঞেস করলো, আমার স্ত্রীর বাচ্চা হয় না, আমার মেয়ের বিয়ে হয় না, জমিতে ফসল হয় না, আমি ঋণগ্রস্থ, আমি বেকার। প্রত্যেকেই ইমাম উত্তর দিলেনঃ আল্লাহর কাছে ইস্তেগফার কর। বসা লোকটি ইমামকে জিজ্ঞেস করলো। কি ব্যাপার আপনি সব সমস্যার একই সমাধান দিলেন? ইস্তেগফার কর? ইমাম উত্তর দিলেনঃ আপনি কি সুরা নূহ এর ১০, ১১ ও ১২ নম্বর আয়াত পড়েননি? আল্লাহ বলেছেনঃ

فَقُلْتُ اسْتَغْفِرُوا رَبَّكُمْ إِنَّهُ كَانَ غَفَّارًا (10)

clickhere<http://www.morningbrightness.fi/>

@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

(“ নূহ(আঃ) আল্লাহর কাছে তার কওমের বিরুদ্ধে ফরিয়াদ করেছেন) আমি (কওমকে) বলেছি তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ইস্তেগফার (অর্থাৎ ক্ষমা প্রার্থনা) করা তিনি তো অতিশয় ক্ষমাশীল” |

পরবর্তী ২টি আয়াতে বলা হয়েছে “ তিনি তোমাদের জন্য আকাশ হতে প্রচুর বৃষ্টি বর্ষণ করবেন” | এবং তিনি তোমাদেরকে সমৃদ্ধ করবেন ধন-সম্পদ ও সন্তান-সন্ততিতে এবং তোমাদের জন্য বাগানসমূহ তৈরী করবেন এবং প্রবাহিত করবেন নদী-নালা।”

প্রিয় ভাই ও বোনেরা, আসুন ইস্তেগফার করে আল্লাহ ও রাসুলের সৎ পথে ফিরে আসি। আল্লাহ্ আমাদেরকে দ্বীন পালনে সাহায্য করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু |

.....

clickhere<http://www.morningbrightness.fi/>

@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>